মডেল প্রশ্ন-০৫

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় | পূর্ণমান : ১০০

১ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১. 'জয় বাংলা' ধ্বনির ক্ষেত্রে সঠিক তথ্য কোনটি?
ক. শান্তি কমিটির মূলমন্ত্র
খ. জাতীয় সংগীতের অংশ
গ. রণক্ষেত্রে অবস্থান নির্দেশক
ঘ. পাক বাহিনীর প্রিয় ধ্বনি

২. পাকিস্তান বাহিনীর প্রধান নিয়াজী আত্মসমর্পণ করে দলিলে স্বাক্ষর করেন। ফলে উদিত হয়–
ক. মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী
খ. মুক্তি সংগ্রামের সূর্য
গ. বাংলাদেশ নামে এক নতুন স্বাধীন দেশ
ঘ. পশ্চিম ও পূর্ব পাকিস্তান রাষ্ট্র

৩. বাংলায় ইংরেজদের আগমণ ঘটে কেন?
ক. বেড়ানোর উদ্দেশ্যে খ. বাণিজ্য করার উদ্দেশ্যে
গ. সাম্রাজ্য বিস্তারের উদ্দেশ্যে
ঘ. দ্বন্দ্ব মীমাংসা করতে

৪. ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ ছিল–
ক. প্রথম ইংরেজ স্বাধীনতা সংগ্রাম
খ. প্রথম ভারত বিরোধী স্বাধীনতা সংগ্রাম
গ. প্রথম ব্রিটিশ বিরোধী স্বাধীনতা সংগ্রাম
ঘ. প্রথম বাঙালি বিরোধী স্বাধীনতা সংগ্রাম

৫. সোনার গাঁয়ের গুরুত্ব ধীরে ধীরে লোপ পায় কেন?
ক. ব্রিটিশদের ষড়যন্ত্রে
খ. শায়েস্তাখানের আমলে ঢাকা রাজধানী হিসেবে প্রতিষ্ঠা পেলে
গ. ফসল উৎপাদন কম বলে
ঘ. ঢাকা থেকে যোগাযোগ ব্যবস্থা ভালো নয় বলে

৬. আমাদের দেশের কৃষকরা কোন প্রজাতির আলু চাষ করতে অধিক আগ্রহী?
ক. মিষ্টি আলু খ. মেটে আলু
গ. তোষা আলু ঘ. বন আলু

৭. বাংলাদেশে সম্ভাবনার দ্বার উন্মোচন করতে পারে–
ক. চিনি রপ্তানি খ. সিমেন্ট রপ্তানি
গ. দক্ষ জনসম্পদ রপ্তানি ঘ. বেকারদের রপ্তানি

৮. তোমার মতে জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবীর মধ্যে কোন দেশ অন্যতম দুর্যোগপ্রবণ দেশে পরিণত হয়েছে?
ক. বাংলাদেশ খ. শ্রীলংকা
গ. মালদ্বীপ ঘ. ভারত

৯. কোন ধরনের ঘটনা ঘটলে তা অবশ্যই পুলিশ এবং অন্যদের জানানো উচিত?
ক. চুরি করা খ. মারামারি করা
গ. ডাকাতি হওয়া ঘ. নারী ও শিশু পাচার

১০. মানবাধিকারকে আমরা কী করব?
ক. স্মরণ করব খ. ঘৃণা করব
গ. সম্মান করব ঘ. অবহেলা করব

১১. অটিজম বিশেষজ্ঞ বলতে যা বোঝায়–
ক. অটিজম বিশেষ জ্ঞান রাখেন এমন ব্যক্তি
খ. অটিজমকে যিনি রোগ হিসেবে দেখেন
গ. যিনি অটিজমের চিকিৎসা করেন
ঘ. যিনি অটিজম শিশুদের ছবি আঁকেন

১২. শান্তিপূর্ণ সমাজ গঠনের জন্য অপরিহার্য কী?
ক. গণতান্ত্রিক মনোভাব
খ. সাম্প্রদায়িক মনোভাব
গ. অগণতান্ত্রিক মনোভাব ঘ. শৈল্পিক মনোভাব

১৩. কোনটি বাংলায় স্বদেশী চেতনার ফলাফল নয়?
ক. স্বরাজ আন্দোলন
খ. অসহযোগ আন্দোলন
গ. সশস্ত্র যুববিদ্রোহ
ঘ. ৫২-এর ভাষা আন্দোলন

১৪. এদেশে অত্যন্ত সমৃদ্ধ-
ক. জনসংখ্যা ও পরিবেশ
খ. ঐতিহ্য ও পরিবেশ
গ. ইতিহাস ও জনসংখ্যা
ঘ. ইতিহাস ও ঐতিহ্য

১৫. যে অঞ্চলের অধিকাংশ লোক কাঁসা শিল্পের সঙ্গে জড়িত–
ক. গাজীপুর খ. লক্ষ্মীপুর গ. ধামরাই ঘ. ভোলা

১৬. তোমার দাদাবাড়ি দুর্যোগপ্রবণ এলাকায় হবে যদি এটি অবস্থিত হয়–
ক. বিভাগীয় শহরে খ. বনভূমির নিকটে
গ. পুকুরের পাশে ঘ. নদীর তীরে

১৭. সম্প্রীতি বলতে বোঝায়–
ক. দুজনের বন্ধন
খ. তিনজনের মধ্যে প্রীতির বন্ধন
গ. সকলের মধ্যে প্রীতির বন্ধন
ঘ. চারজনের মধ্যে প্রীতির বন্ধন

১৮. নারী নির্যাতনের উদাহরণ কোনটি?
ক. সংসার করা
খ. স্ত্রীকে চাকরিতে দেওয়া
গ. সংসারের কাজ করানো
ঘ. স্ত্রীর গায়ে হাত তোলা

Teachingbd.com

http://teachingbd.com

১৯. রিপন আলম সাহেবের একমাত্র মেয়েকে বিয়ে করে শ্বশুরবাড়ি স্থায়িভাবে সববাস করে এবং শ্বশুরের ব্যবসায় প্রতিষ্ঠান দেখাশোনা করে । রিপন কোন উপজাতির সমাজব্যবস্থা অনুসরণ করেছে?
ক. ম্রো খ. গারো গ. ওঁরাও ঘ. ত্রিপুরা

২০. বাংলাদেশের ভাষা শহিদের মর্যাদা বাড়িয়ে দিতে একটি আন্তর্জাতিক সংস্থা উদ্যোগ নিয়েছিল।
ক. ইউনেস্কো খ. ইউনিসেফ
গ. ইউসেফ ঘ. ফাও

২১. সর্বোচ্চ বীরত্বসূচক পুরস্কার কোনটি?
ক. বীরশ্রেষ্ঠ খ. বীরউত্তম
গ. বীরবিক্রম ঘ. বীরপ্রতীক

২২. মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের কোনো নির্দিষ্ট সীমানা ছিল না?
ক. ১নং সেক্টর খ. ২নং সেক্টর
গ. ১০নং সেক্টর ঘ. ১১নং সেক্টর

২৩. দেশে সুশাসন প্রতিষ্ঠা করার জন্য আমাদের কাদের ভোট দেওয়া উচিত?
ক. অসৎ ব্যক্তিকে
খ. অধিক ধনসম্পদের মালিককে
গ. সৎ ও যোগ্য ব্যক্তিকে
ঘ. বয়স্ক ব্যক্তিদের

২৪. লিপিকা বিভিন্ন দেবতার পূজা করে। তার মতে 'ধরমী' বা 'ধরমেশ' পৃথিবীর সৃষ্টিকর্তা। লিপিকা কোন ক্ষুদ্র জাতিসত্তার লোক?
ক. ত্রিপুরা খ. ওঁরাও
গ. ম্রো ঘ. সাঁওতাল

২৫. দিওয়ান-ই-আম কী?
ক. দরবার হল খ. তলোয়ারের নাম
গ. সম্রাটের মুকুট ঘ. একটি পুকুরের নাম

২৬. বিশ্বের তাপমাত্রা বেড়ে গেলে কী হবে?
ক. বরফ জমাট হবে
খ. সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে
গ. সমুদ্রে লবনের পরিমাণ কমে যাবে
ঘ. কোনোটিই নয়

২৭. নদীভাঙনের অন্যতম কারণ কী?
ক. সাইক্লোন খ. বালু উত্তোলন
গ. অতিরিক্ত মাছ ধরা
ঘ. মারাত্মক বন্যা

২৮. মানবাধিকার বিরোধী কাজ কোনটি?
ক. নারী ও শিশু পাচার খ. ঝগড়া করা
গ. রাজনীতি করা ঘ. অন্যকে সাহায্য করা

২৯. দেশের উন্নয়নে কী ধরনের নাগরিক প্রয়োজন?
ক. শিক্ষিত খ. নিরক্ষর
গ. ব্যবসায়ী ঘ রাজনৈতিক

৩০. আমাদের সবকিছুর উর্ধ্বে গুরুত্ব দিতে হবে কী?
ক. নিজ স্বার্থ খ. দেশের স্বার্থ
গ. অন্যের স্বার্থ ঘ. রাজনীতিবিদদের স্বার্থ

৩১. কোন দেশের আন্দোলনকে কেন্দ্র করে আজকে নারী দিবস পালন করা হয়?
ক. চীন খ. যুক্তরাজ্য
গ. ফ্রান্স ঘ. যুক্তরাষ্ট্র

৩২. ইউনিসেফ এর সদরদপ্তর কোথায় অবস্থিত?
ক. বেলজিয়ামে খ. ইংল্যান্ডে
গ. যুক্তরাষ্ট্রে ঘ. ফ্রান্সে

৩৩. সদস্য দেশগুলোর জীবনযাত্রার মান উন্নয়ন কোন সংস্থার লক্ষ্য?
ক. জাতিসংঘ খ. সার্ক
গ. ইউনিসেফ ঘ. ইউনেস্কো

৩৪. আন্তর্জাতিক আদালত মায়ানমারের সাথে বাংলাদেশের সমুদ্র সীমানা সংক্রান্ত একটি বিরোধের রায় দেয় কত সালে?
ক. ২০১০ সালে খ. ২০১১ সালে
গ. ২০১২ সালে ঘ. ২০১৩ সালে

৩৫. মানুষের মৌলিক চাহিদা কয়টি?
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি

৩৬. কোনটি আমাদের রাষ্ট্র পরিচালনার মূলনীতি?
ক. আইন খ. জাতীয় সংসদ
গ. সচিবালয় ঘ. গণতন্ত্র

৩৭. কত সালে দ্বিতীয় আন্তর্জাতিক সমাজতান্ত্রিক সম্মেলন অনুষ্ঠিত হয়?
ক. ১৯১০ সালে খ. ১৯১২ সালে
গ. ১৯১৫ সালে ঘ. ১৯১৬ সালে

৩৮. 'নকমান্দি' কোন উপজাতিদের বাড়ির নাম?
ক. চাকমা খ. মারমা
গ. গারো ঘ. সাঁওতাল

৩৯. কে ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে ঘোষণা করার প্রস্তাব দেন?
ক. ক্লারা জেটকিন খ. কফি আনান
গ. বান কি মুন ঘ. ট্রিগভেলী

৪০. জাতিসংঘের প্রশাসনিক কাজ করে কোন শাখা?
ক. সাধারণ পরিষদ খ. অছি পরিষদ
গ. জাতিসংঘ সচিবালয় ঘ. নিরাপত্তা পরিষদ

২ শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে ১৯৭১ সালের ২১ নভেম্বর একটি ------ বাহিনী গঠন করা হয়।
খ. আধুনিক শিক্ষা ও নবজাগরণের ফলে ------ চেতনার বিকাশ ঘটে।
গ. নবাব সিরাজউদ্দৌলা ছিলেন বাংলার শেষ ------ নবাব
ঘ. ময়নামতিতে ------ সভ্যতার অনেক নিদর্শন পাওয়া গেছে
ঙ. মহাস্থানগড়ে ------ শিলালিপি পাওয়া গেছে।
চ. জামালপুর জেলার ------ কাঁসা শিল্পের জন্য বিখ্যাত।
ছ. মাটির লবণাক্ত বেড়ে কৃষিজমির ------ করছে।
জ. মানবাধিকার মানুষের ভালো ------ বিকশিত করে।
ঝ. রাষ্ট্র পরিচালনার জন্য ------ প্রয়োজন।
ঞ. গণতন্ত্রের অর্থ ------ শাসন।

৩ নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ :১×১০=১০

ক. মুক্তিযুদ্ধের প্রধান কৌশল কী ছিল?
খ. বাংলার নারী জাগরণের অগ্রদূত কে ছিলেন?
গ. লোকশিল্প যাদুঘর কে প্রতিষ্ঠা করেন?
ঘ. বাংলাদেশের প্রধান শিল্পগুলোর নাম লেখ।
ঙ. মানুষের মৌলিক চাহিদাগুলো কী?
চ. দুর্যোগ কী?
ছ. দুর্ঘটনার অন্যতম কারণ কী?
জ. কোন শিশুদের অটিস্টিক শিশু বলে?
ঝ. গারোদের প্রধান উৎসবের নাম কী?
ঞ. ইউনিসেফের সদর দফতর কোথায় অবস্থিত?

৪ ক, খ, গ ও ঘ নং কাঠামোবদ্ধ প্রশ্নসহ মোট ৮টি প্রশ্নের উত্তর দাও : ৫×৮=৪০

ক. মানবাধিকার রক্ষায় আমাদের কী করা উচিত?
খ. দুর্ঘটনা এড়ানোর জন্য রাস্তায় কীভাবে চলা উচিত?
গ. পাঁচটি বাক্যে অটিস্টিক শিশু শনাক্ত করার উপায় লেখ।
ঘ. জলবায়ু পরিবর্তনে কী কী ক্ষতি হয়?
ঙ. গণতন্ত্র কীভাবে শান্তিপূর্ণ সমাজ গঠনে সহায়তা করে?
চ. নারী শিক্ষায় বেগম রোকেয়ার অবদান অল্প কথায় লেখ।
ছ. খাসিদের সমাজব্যবস্থা সম্পর্কে লেখ।
জ. ১৭৭০ সালে বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ হওয়ার কারণ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
ঝ. দুর্যোগের পূর্ব প্রস্তুতি সম্পর্কে পাঁচটি বাক্যে লেখ।
ঞ. ৫টি বাক্যে ইউনিসেফের পরিচয় দাও।

উত্তরমালা

১.

১	গ	২	গ	৩	খ	৪	গ	৫	খ	৬	ক	৭	গ	৮	ক
৯	ঘ	১০	গ	১১	ক	১২	ক	১৩	ঘ	১৪	গ	১৫	গ	১৬	ঘ
১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	ক	২১	ক	২২	গ	২৩	গ	২৪	খ
২৫	ক	২৬	খ	২৭	খ	২৮	ক	২৯	ক	৩০	খ	৩১	খ	৩২	গ
৩৩	খ	৩৪	গ	৩৫	ঘ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	গ	৩৯	ক	৪০	গ

২. উত্তর : (ক) যৌথ; (খ) জাতীয়তাবাদী; (গ) স্বাধীন; (ঘ) বৌদ্ধ; (ঙ) ব্রাহ্মী; (চ) ইসলামপুর; (ছ) ক্ষতি; (জ) গুণগুলোকে; (ঝ) অর্থের; (ঞ) জনগণের।

Teachingbd.com